গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
কুড়িগ্রাম
(রাজস্ব শাখা)
www.kurigram.gov.bd

বিষয় : "সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ প্রকল্প" এর আওতায় ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের জেলা মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মোহাম্মদ রেজাউল করিম
জেলা প্রশাসক
কুড়িগ্রাম।

সভার তারিখ : ২২ নভেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ।

সভার সময় : সকাল ১০.৩০ ঘটিকা।

সভার স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ। পরিশিষ্ট- ক দ্রষ্টব্য ।

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয় । অতঃপর অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), কুড়িগ্রামকে সভার কার্যপত্র উপস্থাপনের জন্য অনুরোধ করা হয় । সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), কুড়িগ্রাম সভার কার্যপত্র উপস্থাপন করেন । উপস্থাপিত অক্টোবর, ২০২০ এর কার্যবিবরণীর উপর কোন মন্তব্য আছে কিনা জানতে চাওয়া হয় । সভায় সংযুক্ত সদস্যবৃন্দ গত সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে এবং কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব নেই মর্মে অবহিত করেন । কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয় । অতঃপর গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনান্তে নিম্নোক্ত আলোচনা এবং সর্বসম্মতিক্রমে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

আলোচ্যসূচি : "সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ প্রকল্প" এর পূর্ত নির্মাণ কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা।

সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), কুড়িগ্রাম সভায় জানান যে, সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের প্রকল্প পরিচালকের দপ্তর, ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং-৩১.০০.০০০০.০৯০.১৪.০১৪.১৭-৪৯৯, তারিখ- ২৯/০৮/২০১৮ মোতাবেক কুড়িগ্রাম জেলায় চলমান ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের গুণগতমান নিশ্চিতকল্পে নির্মাণ কাজের তদারকি করার জন্য জেলা ও উপজেলা মনিটরিং কমিটি গঠন করা হয় এবং জেলা ও উপজেলা মনিটরিং কমিটির সভা প্রতিমাসে নিয়মিত করার নির্দেশনা প্রদান করা হয়েছে ।

চলমান ইউনিয়ন ভূমি অফিসসমূহের নির্মাণ কাজের অগ্রগতি জানতে চাইলে, নির্বাহী প্রকৌশলী, স্থানীয় প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম জানান যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম এর মাধ্যমে এ জেলার ৯টি উপজেলায় ১০(দশ)টি প্যাকেজে মোট ১৯(উনিশ)টি ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ ও ০৪(চার) ইউনিয়ন ভূমি অফিসের সীমানা প্রাচীরের নির্মাণ কাজ সম্পন্ন করা হবে । তন্মধ্যে ০৯(নয়)টি ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ শতভাগ সম্পন্ন হয়েছে এবং শতভাগ সম্পন্ন ০৬(ছয়)টি ইউনিয়ন ভূমি অফিস সংশ্লিষ্ট সহকারী কমিশনার(ভূমি)গনের নিকট হস্তান্তর করা হয়েছে। তিনি উপজেলা ভিত্তিক ইউনিয়ন ভূমি অফিসসমূহ ও সীমানা প্রাচীর নির্মাণ কাজের তথ্য নিম্নোক্তভাবে উপস্থাপন করেন :-

| ক্রঃনং | উপজেলার নাম | ইউনিয়ন ভূমি অফিসের নাম | চুক্তি মূল্য | ঠিকাদার/প্রতিষ্ঠানের নাম | কাজ সমাপ্তির তারিখ | কাজের অগ্রগতি |
|---|---|---|---|---|---|---|
| ১ | উলিপুর | ধরণীবাড়ী ইউনিয়ন ভূমি অফিস | ৬৩,০০,০০০/- | মোঃ জহুরুল হক দুলাল ঘোষপাড়া, কুড়িগ্রাম । | ৩০/০৮/২০১৮ | ১০০% |
| | | ধামশ্রেনী ইউনিয়ন ভূমি অফিস | | | | ১০০% |
| ২ | চিলমারী | রাণীগঞ্জ ইউনিয়ন ভূমি অফিস | ৬৩,০০,০০০/- | মোঃ শাহাজাহান মিয়া চিলমারী, কুড়িগ্রাম। | ৩০/০৮/২০১৮ | ১০০% |
| | | চিলমারী ইউনিয়ন ভূমি অফিস | | | | ১০০% |

| ক্রঃ নং | উপজেলার নাম | ইউনিয়ন ভূমি অফিসের নাম | চুক্তি মূল্য | ঠিকাদার/প্রতিষ্ঠানের নাম | কাজ সমাপ্তির তারিখ | কাজের অগ্রগতি |
|---|---|---|---|---|---|---|
| ৩ | রাজারহাট | বিদ্যানন্দ ইউনিয়ন ভূমি অফিস | ১,৬৭,৫৮,০০০/- | মোঃ জাহাঙ্গীর আলম সুমন তিস্তা, লালমনির হাট। | ২৭/১০/২০১৯ | ১০০% |
| | | চাকিরপশার ইউনিয়ন ভূমি অফিস | | | | ১০০% |
| | | উমর মজিদ ইউনিয়ন ভূমি অফিস | | | | ৫০% |
| ৪ | নাগেশ্বরী | নাগেশ্বরী পৌর ভূমি অফিস | ১,১২,২৮,০৫০/- | মেসার্স সাগর ট্রেডার্স কেরানীপাড়া, রংপুর। | ১৩/১১/২০১৯ | ৯৫% |
| | | ভিতরবন্দ ইউনিয়ন ভূমি অফিস | | | | ৯৫% |
| ৫ | ভূরুঙ্গামারী | চর-ভূরুঙ্গামারী ইউনিয়ন ভূমি অফিস | ১,১৩,৯১,৭৫০/- | মেসার্স আলতাফ এন্টার প্রাঃ, জুম্মাপাড়া, রংপুর। | ০৯/০৩/২০২০ | ১০০% |
| | | বলদিয়া ইউনিয়ন ভূমি অফিস | | | | ১০০% |
| ৬ | ফুলবাড়ী | ভাঙ্গামোড় ইউনিয়ন ভূমি অফিস | ১,৭৭,৪৮,০০০/- | মেসার্স শামীম ট্রেডার্স হরিকেশ, কুড়িগ্রাম। | ১৩/০১/২০২০ | ৯৮% |
| | | বড়ভিটা ইউনিয়ন ভূমি অফিস | | | | ৯৮% |
| | | ফুলবাড়ী ইউনিয়ন ভূমি অফিস | | | | ৯০% |
| ৭ | রৌমারী | রৌমারী সদর ইউনিয়ন ভূমি অফিস | ১,১২,৭৫,৫৫০/- | মোঃনুরুজ্জামান কাঁঠালবাড়ী, কুড়িগ্রাম। | ০৯/০৩/২০২০ | ৩৫% |
| | | যাদুর চর ইউনিয়ন ভূমি অফিস | | | | ১০০% |
| ৮ | কুড়িগ্রাম সদর | ভোগডাঙ্গা ইউনিয়ন ভূমি অফিস | ৫৪,৫২,০০০/- | মেসার্স ফেলকন এন্টারপ্রাইজ, হরিকেশ, কুড়িগ্রাম। | ১৬/১০/২০২০ | ০% |
| ৯ | রাজিবপুর | মোহনগঞ্জ ইউনিয়ন ভূমি অফিস | ৬৯,৭০,০০০/- | মেসার্স সাউদি ট্রেডিং লালমনিরহাট। | ২৮/১১/২০২০ | ০% |
| | | চর-রাজিবপুর ইউনিয়ন ভূমি অফিস | ৬৮,৫৫,০০০/- | মেসার্স সমাপ্তি ট্রেডার্স চিলমারী, কুড়িগ্রাম। | ২৪/১১/২০২০ | ০% |
| ১০ | উলিপুর/ চিলমারী | ক) ধরণীবাড়ী ও ধামশ্রেণী ইউনিয়ন ভূমি অফিসের সীমানা প্রাচীর নির্মাণ খ) রাণীগঞ্জ ও চিলমারী সদর ইউনিয়ন ভূমি অফিসের সীমানা প্রাচীর নির্মাণ | ৫৯,৯৯,৬০০/- | মোঃ নুরুল আমিন সরকার, কুড়িগ্রাম। | ১৯/০৫/২০২০ | ৫৫% |

ইউনিয়ন ভূমি অফিসসমূহের নির্মাণ কাজের অগ্রগতি পর্যালোচনায় দেখা যায় যে, উলিপুর,চিলমারী, ভূরুঙ্গামারী রাজারহাট ও রৌমারী উপজেলায় ০৯(নয়)টি ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ শতভাগ সম্পন্ন হয়েছে। তন্মধ্যে চিলমারী উপজেলায় ০২(দুই)টি ও ভূরুঙ্গামারী উপজেলায় ০২(দুই)টি ইউনিয়ন ভূমি অফিস হস্তান্তর করা হয়েছে। রাজারহাট উপজেলায় ০২(দুই)টি এবং রৌমারী উপজেলায় ০১(এক)টি হস্তান্তর করা হয়নি। নাগেশ্বরী উপজেলায় ০২(দুই)টি, ফুলবাড়ী উপজেলায় ০৩(তিন)টি, এবং রৌমারী উপজেলায় ০১(এক)টি ইউনিয়ন ভূমি অফিস এবং উলিপুর ও চিলমারী উপজেলাধীন ০৪(চার)টি ইউনিয়ন ভূমি অফিসের সীমানা প্রাচীরের নির্মাণ কাজের জন্য নির্ধারিত সময় অতিবাহিত হয়েছে। কুড়িগ্রাম সদর এবং রাজিবপুর উপজেলার ইউনিয়ন ভূমি অফিস ভবনের নির্মাণ কাজ শুরু করা হয়নি।

সহকারী কমিশনার(ভূমি), রাজারহাট জানান যে, নির্মাণাধীন উমর মজিদ ইউনিয়ন ভূমি অফিসের সামনের অংশ নীচু হওয়ায় মাটি ভরাট করা প্রয়োজন। মাটি ভরাট করা না হলে বন্যার সময়ে অফিসে যাতায়াতসহ সীমানা প্রাচীর নির্মাণ করা অসুবিধা হচ্ছে। মাটি ভরাটের বিষয়ে নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম জানান যে, উক্ত প্রকল্পে মাটি ভরাটের কোন ব্যবস্থা নেই। নির্মাণাধীন অফিসের সামনের অংশে স্থানীয়ভাবে ৪০ দিনের কর্মসূচীর আওতায় মাটি ভরাটের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, রাজারহাট-কে নির্দেশনা প্রদান করা হয়।

নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম জানান যে, কুড়িগ্রাম সদর উপজেলাধীন ভোগডাঙ্গা ইউনিয়ন ভূমি অফিসের ০.১৫ একর জমির মধ্যে ০,৩০ একর জমি নিয়ে বিজ্ঞ ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল আদালত, কুড়িগ্রামের ১২/২০২০ নং মামলা নিস্পত্তি না হওয়ায় ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ শুরু হয়নি। বর্তমানে পুরাতন টিনসেড অফিস ভবনটি ইউনিয়ন পরিষদের ০১(এক)টি কক্ষে স্থানান্তর করে উক্ত ভবনটি ভেঙ্গে সেখানে নতুন অফিস ভবনের লে-আউট প্রদান করে ভবন নির্মাণের কাজ শুরু করা যেতে পারে। পরবর্তীতে মামলা নিস্পত্তি হলে সীমানা প্রাচীর নির্মাণ করা যেতে পারে। সার্ভে ট্রাইব্যুনাল আদালত, কুড়িগ্রামের ১২/২০২০ নং মামলার সর্বশেষ অবস্থা ও পুরাতন ভবনের বাস্তব অবস্থা এবং লে-আউট দেখে ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রাম সদর-কে নির্দেশনা প্রদান করা হয়।

সহকারী কমিশনার(ভূমি), রৌমারী জানান যে, সম্প্রতি বন্যায় নির্মানাধীন রৌমারী ইউনিয়ন ভূমি অফিসের বর্তমান প্লিন্থ লেভেলের প্রায় ০৩(তিন)ফুট উপর দিয়ে পানি প্রবাহিত হয়েছে। পাশ্ববর্তী নির্মাণাধীন উপজেলা ভূমি অফিসের প্লিন্থ লেভেলের সমপরিমান উচ্চতা বৃদ্ধি করা প্রয়োজন। নির্মাণাধীন রৌমারী ইউনিয়ন ভূমি অফিসের কলামের উচ্চতা বৃদ্ধি করে প্লিন্থ লেভেল উঁচু করাসহ দ্রুত নির্মাণ কাজ শুরু করার পদক্ষেপ গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম-কে পরামর্শ প্রদান করা হয়।

সহকারী কমিশনার(ভূমি), চর-রাজিবপুর জানান যে, মোহনগঞ্জ ইউনিয়ন ভূমি অফিস নির্মাণের নির্ধারিত জায়গাটির প্রস্থ্য কম হওয়ায় এবং উক্ত জায়গায় যাতায়াতের কোন সংযোগ রাস্তা না থাকায় প্রস্তাবিত জায়গার পরিবর্তে সংশোধিত প্রস্তাব প্রকল্প পরিচালকের কার্যালয়, ঢাকা বরাবর প্রেরণ করা হয়েছে। উপজেলা রাজস্ব সভায় জনসাধারণের যাতায়াতের সুবিধা হবে রাস্তার পার্শ্বে এ রকম খাস জমি নির্বাচন করে নির্মাণ কাজ শুরু করার ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী কমিশনার(ভূমি), চর-রাজিবপুর-কে নির্দেশনা প্রদান করা হয়।

চর-রাজিবপুর সদর ইউনিয়ন ভূমি অফিস নির্মাণের স্থানে একাধিক অন্য অফিস নির্মাণের প্রস্তাব থাকায় উপজেলা ভূমি অফিসের পুরাতন ভবনটি ভেঙ্গে সেখানে ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ শুরু করার জন্য সহকারী কমিশনার(ভূমি), চর-রাজিবপুর প্রস্তাব করেন। উপজেলা ভূমি অফিসের পুরাতন ভবনটি ভেঙ্গে সেখানে ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ শুরু করার বিষয়ে উপজেলা পরিষদে সিদ্ধান্ত গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, চর-রাজিবপুর-কে নির্দেশনা প্রদান করা হয়।

নির্মাণাধীন উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিসসমূহের বৈদ্যুতিক মালামাল সিডিউলে যে ব্রান্ডের উল্লেখ আছে সে অনুযায়ী বুঝে নেয়ার জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার(ভূমি)গনকে নির্দেশনা প্রদান করা হয়।

যে সকল ইউনিয়ন ভূমি অফিস এবং সীমানা প্রাচীরের নির্মাণ কাজ নির্ধারিত সময়ের মধ্যে ঠিকাদারগণ সম্পন্ন করতে পারেননি যে সকল ইউনিয়ন ভূমি অফিস এবং সীমানা প্রাচীরের নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করার পদক্ষেপ গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রামকে পরামর্শ প্রদান করা হয়। এছাড়াও নির্মাণাধীন ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজের গুনগত মান সঠিক রাখার বিষয়ে নিয়মিত পরিদর্শন করার জন্য উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার(ভূমি)গনকে নির্দেশনা প্রদান করা হয়।

| সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|
| ১। প্রত্যেকটি ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ জেলা ও উপজেলা মনিটরিং কমিটির সদস্যগনকে নিয়মিত পরিদর্শন করতে হবে এবং প্রতিমাসে নির্মাণ কাজের অগ্রগতি বিষয়ে সভা করে সভার কার্যবিবরণী | ১। অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), কুড়িগ্রাম।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, (সকল),কুড়িগ্রাম।<br>৩। সহকারী কমিশনার(ভূমি), (সকল),কুড়িগ্রাম। |

| | |
|---|---|
| ২। রাজারহাট উপজেলার নির্মাণাধীন উমর মজিদ ইউনিয়ন ভূমি অফিসের সামনের অংশে স্থানীয়ভাবে ৪০ দিনের কর্মসূচীর আওতায় মাটি ভরাটের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, রাজারহাট<br>২। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম। |
| ৩। যে সকল ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ নির্ধারিত সময়ের মধ্যে ঠিকাদারগণ সম্পন্ন করতে পারেননি সে সকল ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করার পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম। |
| ৪। কুড়িগ্রাম সদর উপজেলীধন ভোগডাঙ্গা ইউনিয়ন ভূমি অফিস নির্মাণের জায়গায় বিজ্ঞ ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল আদালত, কুড়িগ্রামের ১২/২০২০ নং দায়েরকৃত মামলা বিষয়ে সর্বশেষ অবস্থা ও পুরাতন ভবনের বাস্তব প্রেক্ষাপট এবং লে-আউট দেখে নির্মাণ কাজ শুরু করার পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রাম সদর।<br>২। সহকারী কমিশনার(ভূমি), কুড়িগ্রাম সদর।<br>৩। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, কুড়িগ্রাম। |
| ৫। চর-রাজিবপুর উপজেলা ভূমি অফিসের নুতন ভবনের নির্মাণ কাজ সমাপ্ত হলে উপজেলা ভূমি অফিসের পুরাতন ভবনটি ভেঙ্গে সেখানে ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ শুরু করার বিষয়ে উপজেলা পরিষদে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, চর-রাজিবপুর।<br>২। সহকারী কমিশনার(ভূমি), চর-রাজিবপুর।<br>৩। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম। |
| ৬। উপজেলা রাজস্ব সভায় জনসাধারণের যাতায়াতের সুবিধা হবে রাস্তার পার্শ্বে এ রকম খাস জমি নির্বাচন করে মোহনগঞ্জ ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ শুরু করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, চর-রাজিবপুর।<br>২। সহকারী কমিশনার(ভূমি), চর-রাজিবপুর।<br>৩। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম। |
| ৭। নির্মাণাধীন উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিসের বৈদ্যুতিক মালামাল সিডিউলে যে ব্রান্ডের উল্লেখ আছে সে অনুযায়ী বুঝে নেয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, সকল।<br>২। সহকারী কমিশনার(ভূমি), সকল।<br>৩। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম। |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভায় উপস্থিত সকলকে স্বাস্থ্যবিধি মেনে দায়িত্ব পালনের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ রেজাউল করিম)
জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
ও
সভাপতি
জেলা মনিটরিং কমিটি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
কুড়িগ্রাম
(রাজস্ব শাখা)
www.kurigram.gov.bd

নং-৩১.৪৭.৪৯০০.০০৬.০৫.০২২.১৮- ১১৫২(২৪)

তারিখ : ২৯ অগ্রহায়ণ, ১৪২৭ / ১৪ ডিসেম্বর, ২০২০

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রকল্প পরিচালক, উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ (৬ষ্ঠ পর্ব) প্রকল্প", ভূমি মন্ত্রণালয়।
৩। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম।
৪। উপজেলা নির্বাহী অফিসার, .............................. (সকল). কুড়িগ্রাম।
৫। সহকারী কমিশনার(ভূমি), .............................. (সকল). কুড়িগ্রাম।
৬। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসক, কুড়িগ্রাম মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭। সহকারী কমিশনার, আইসিটি জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম (ওয়েব প্রোটালে প্রকাশের অনুরোধসহ) ।
৮। গোপনীয় সহকারী, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম মহোদয়ের সদয় অবগতির জন্য।
৯। অফিস কপি ।

14/12/2020
(মোঃ আবুবকর সিদ্দিক)
রেভিনিউ ডেপুটি কালেক্টর